

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 যুগ্মসচিব (অধিগ্রহণ-১) অধিশাখা
 ভূমি মন্ত্রণালয়
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর-ভূ.ম./যুস(খাসজমি)/অভিযোগ তদন্ত-১/২০১৫-৫৮

তারিখ: ০৮/০১/২০১৭ খ্রি.

বিষয় : অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (Grievance Redress System-GRS) সংক্রান্ত কার্যক্রম।

সূত্র : ০৪.০০.০০০০.২২২.২৭.০৩৫.৩৫.০৫, তারিখ: ০৭ জানুয়ারি ২০১৫ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে ও সুত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের নভেম্বর ২০১৬ মাসের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (Grievance Redress System-GRS) সংক্রান্ত সমন্বিত প্রতিবেদন নির্ধারিত ছকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো:

বর্তমানের মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা		মোট (১+২)	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	মন্তব্য
পত্র/দরখাস্তযোগে	অনলাইনে					
১	২	৩	৪	৫	৬	৭
০৪	০০	০৪	০৪		০০	
				<p>(১) ময়মনসিংহ ভূমি অধিগ্রহণ (এল.এ.) শাখার দুর্নীতিবাজ কর্মচারীর বদলি করার বিষয়ে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের মাধ্যমে ভূমি মন্ত্রণালয়কে ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে অবহিত করার জন্য জেলাপ্রশাসক, ময়মনসিংহকে অনুরোধ করা হয়েছে।</p> <p>(২) জনাব সত্যজিত রায় দাস (১৬৯৬৯), সাবেক সহকারী কমিশনার ও সাবেক ভারপ্রাপ্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, জেলাপ্রশাসকের কার্যালয়, গাজীপুর বর্তমানে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে পরবর্তী পদায়নের জন্য কমিশনার, ঢাকা বিভাগে ন্যস্ত এর বিরুদ্ধে ভূমি ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের নিকট হতে শতকরা ২০% হতে ৩০% ঢাকা ঘুষ আদায় করে প্রায় ১০(দশ) কোটি আত্মসাতের বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণ করার জন্য বিভাগীয় কমিশনার, ঢাকাকে অনুরোধ করা হয়েছে।</p> <p>(৩) মানিকগঞ্জ জেলার হরিরামপুর উপজেলায় প্রেষণে নিয়োজিত সার্ভেয়ার মোঃ রমজান আলী কর্তৃক খন্দকার সহিদুর রহমান এর জমিতে নির্মিত অবৈধ দোকানপাটগুলি উচ্ছেদ ও বিভিন্ন দুর্নীতি এবং অপকর্মের বিরুদ্ধে অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক বিভাগীয় কমিশনারের মাধ্যমে প্রতিবেদন প্রেরণ করার জন্য জেলাপ্রশাসক, মানিকগঞ্জকে অনুরোধ করা হয়েছে।</p> <p>(৪) নরসিংদী জেলাপ্রশাসকের কার্যালয়ে ভূমি অধিগ্রহণ শাখায় কর্মরত অফিস সহকারী জনাব মোঃ আলমগীর হোসেন এর দুর্নীতি, অপকর্ম, ও অসৎ উপায়ে অর্থ উপার্জনের অভিযোগের বিষয়ে</p>		

				তদন্তপূর্বক বিভাগীয় কমিশনারের মাধ্যমে প্রতিবেদন প্রেরণ করার জন্য জেলাপ্রশাসক, নরসিংদীকে অনুরোধ করা হয়েছে।		
--	--	--	--	---	--	--

৩০/:

(এস.এম. মনিরুল ইসলাম)

যুগ্মসচিব (অধিগ্রহণ-১)

ও

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা।

ফোন- ৯৫৪০১৫২

Email: monirul3425@gmail.com

মন্ত্রিপরিষদ সচিব

মন্ত্রিপরিষদ বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(দৃষ্টি আকর্ষণ : সিনিয়র সহকারী সচিব, সুশাসন ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা ব্যবস্থাপনা শাখা)।

স্মারক নম্বর-ভূ.ম./যুস(খাসজমি)/অভিযোগ তদন্ত-১/২০১৫-৫৮/১(৩)

তারিখ: ০৮/০১/২০১৭ খ্রি.

অনুলিপি:

১। উপসচিব, প্রশাসন-১, ভূমি মন্ত্রণালয়।

২। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়।- তাঁকে পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৩৩/০১/১৭
(এস.এম. মনিরুল ইসলাম)

যুগ্মসচিব (অধিগ্রহণ-১)

ও

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা।